Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

অফিস স্মারক

তারিখঃ ১২/১০/২০২৬ ইং

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/নির্বাহী/৮৯০/২০২৬

প্রতি
সকল সদস্য
রিক এমপ্লয়ী প্রভিডেন্ট ফান্ড

বিষয়ঃ প্রভিডেন্ট ফান্ড থেকে গৃহীত ঋণ প্রসঙ্গে।

আপনারা ইতোপূর্বে অবগত আছেন যে, ভবিষ্য তহবিল থেকে সদস্যদের গৃহীত ঋণের সার্ভিস চার্জ ০১ জুলাই, ২০২৬ থেকে ১৪% (চৌদ্দ শতাংশ) থেকে **১০% (দশ শতাংশ)** হ্রাস করা হয়েছে এবং কর্মচারীর চাকুরীর মেয়াদ অনুযায়ী উক্ত তহবিল থেকে কর্মচারীর জমকৃত অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ) ঋণ প্রদান করা হতো। কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক চাকুরীর মেয়াদ অনুযায়ী নিম্নের নিয়মে কর্মচারী তার জমাকৃত অর্থ থেকে ঋণ গ্রহণ করার সুযোগ পাবেনঃ

১. চাকুরিকাল ন্যূনতম ৩ (তিন) বছর কিন্তু ৬ (ছয়) বছরের কম হলে, সংশ্লিষ্ট ঋণ বা অগ্রিম গ্রহণের তারিখে চাঁদা প্রদানকারীর (সাবস্ক্রাইবার) প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্টে জমা থাকা মোট অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ) পাওয়ার অধিকারী হবেন।

২. চাকুরিকাল ন্যূনতম ৬ (ছয়) বছর কিন্তু ১১ (এগার) বছরের কম হলে, সংশ্লিষ্ট ঋণ বা অগ্রিম গ্রহণের তারিখে চাঁদা প্রদানকারীর (সাবস্ক্রাইবার) প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্টে জমা থাকা মোট অর্থের ৬০% (ষাট শতাংশ) পাওয়ার অধিকারী হবেন।

৩. চাকুরিকাল ন্যূনতম ১১ (এগার) বছর কিন্তু ১৬ (ষোল) বছরের কম হলে, সংশ্লিষ্ট ঋণ বা অগ্রিম গ্রহণের তারিখে চাঁদা প্রদানকারীর (সাবস্ক্রাইবার) প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্টে জমা থাকা মোট অর্থের ৭০% (সত্তর শতাংশ) পাওয়ার অধিকারী হবেন।

৪. চাকুরিকাল ন্যূনতম ১৬ (ষোল) বছর বা তার বেশি হলে, সংশ্লিষ্ট ঋণ বা অগ্রিম গ্রহণের তারিখে চাঁদা প্রদানকারীর (সাবস্ক্রাইবার) প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্টে জমা থাকা মোট অর্থের ৮০% (আশি শতাংশ) পাওয়ার অধিকারী হবেন। এছাড়া,

৫. কিস্তির মেয়াদ সর্বনিম্ন ১২ (বার) মাস থেকে ৩৬ (ছত্রিশ) মাস পর্যন্ত বলবৎ ছিল যা পরিবর্তন করে কিস্তির মেয়াদ সর্বনিম্ন ১২ (বার) মাস থেকে ৬০ (ষাট) মাস পর্যন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিবর্তিত নিয়ম ০১ জুলাই, ২০২৬ থেকে কার্যকর হবে।

ধন্যবাদান্তে

আবুল হাসিব খান
নির্বাহী পরিচালক

অনুলিপিঃ
১. সভাপতি, ট্রাস্টি, রিক প্রভিডেন্ট ফান্ড।
২. পরিচালক, রিক।
৩. উপ-পরিচালক, রিক।
৪. সহকারী পরিচালক, রিক।
৫. সকল বিভাগীয় ও সেল প্রধান, রিক।
৬. অফিস কপি।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org